

অনিত্যবাদ বা ক্ষণিকত্ববাদ : বৌদ্ধ দর্শন অবলম্বনে

বৌদ্ধ প্রতীত্যসমুৎপাদ তত্ত্বের উপর ভিত্তি করে বৌদ্ধ দর্শনের বিভিন্ন তত্ত্বগুলি প্রতিষ্ঠিত হয়েছে। জগতের বিষয় বস্তুর স্বরূপ কি? বস্তুগুলি কি স্থায়ী বা নিত্য? নাকি অনিত্য; অস্থায়ী? না, জগৎ শূন্য? জগতে কি অদৌ কিছু নেই? বেদান্ত দর্শনে বলা হয়েছে জগৎ শূন্য বা মিথ্যা। অন্যান্য দর্শনে জগতে স্থায়ী বা নিত্য সত্ত্বা যেমন স্বীকার করা হয়, সেইরূপ অস্থায়ী, অনিত্য সত্ত্বাও স্বীকার করা হয়।

বৌদ্ধদর্শনে জগৎ সম্পর্কে উপরোক্ত কোন মত-ই স্বীকার করা হয় না। বৌদ্ধ মতে, জগতে স্থায়ী বা নিত্য সত্ত্বা বলে কিছু নেই। সবই কার্য কারণের নিয়মে আবদ্ধ, সবই অনিত্য। বৌদ্ধ দর্শনে প্রাথমিকভাবে জগতকে অনিত্য বলার পর পরবর্তীকালে জগতকে শুধু অনিত্য বলা হয়নি; জগতকে ক্ষণিকও বলা হয়েছে। তাঁদের মতে, কোন সত্ত্বাই এক ক্ষণের বেশি স্থায়ী হতে পারে না। যে ক্ষণে বস্তু বা সত্ত্বা উৎপন্ন হয়, পরক্ষণেই ঐ সত্ত্বাটি বিনষ্ট হয়। সেজন্য বস্তুর স্বরূপ সম্পর্কে বৌদ্ধমতকে প্রথমে অনিত্যবাদ বলা হলেও পরবর্তীকালে এই মতবাদ ক্ষণভঙ্গবাদ বা ক্ষণিকবাদ নামে অভিহিত হয়।

বৌদ্ধমতে অর্থক্রিয়াকারিত্ব সম্পন্ন বস্তুই সৎ। অর্থাৎ, যার কার্য উৎপাদনের ক্ষমতা আছে তাই সৎ বস্তু। একমাত্র সৎ বস্তু-ই কার্য উৎপন্ন করতে পারে। কখনোই অসৎ বস্তু কার্য উৎপন্ন করতে পারে না। যেমন ধানের বীজ অঙ্কুর উৎপন্ন করতে পারে বলে সৎ কিন্তু আকাশ কুসুম কোন কার্য উৎপন্ন করতে পারে না বলে আকাশ কুসুম অসৎ। সেজন্য সৎ বস্তু মাত্রই ক্ষণিক, অসৎ বস্তুর অঙ্গক্রিয়াকারিত্ব ক্ষমতা না থাকায় তা অসৎ বস্তু। বৌদ্ধ মতে, অসৎ বস্তু কখনও ক্ষণিক হতে পারে না।

বৌদ্ধদের এই ক্ষণিকত্ববাদের বিরুদ্ধে নৈয়ায়িকগণ অনাবস্থা দোষের আশঙ্কা করেন। তাঁদের মতে, যদি অর্থক্রিয়াকারিত্বের জন্যই শুধু ক্ষণিকত্ববাদ স্বীকার করা হয় তাহলে প্রতিটি কার্যের অর্থক্রিয়াকারিত্ব স্বীকার করতে হয়—এইরূপে অনাবস্থা দোষ ঘটে। এর উত্তরে বৌদ্ধদার্শনিক রত্নকীর্তি বলেন—এইরূপ অনাবস্থা দোষের কিছু নেই। বস্তুর সন্তান প্রবাহ ব্যাখ্যার ক্ষেত্রে এইরূপ অনাবস্থা ঘটতেই পারে। অন্য় ব্যাপ্তি ও ব্যতিরেক ব্যাপ্তির দ্বারাই বস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হয় ফলে বস্তুর ক্ষণিকত্ব প্রমাণের জন্য কোন স্থির বা স্থায়ী স্রষ্টার অস্তিত্ব স্বীকারের কোন প্রয়োজন নেই।

বৌদ্ধ দার্শনিকগণ দাবি করেন, বস্তু মাত্র-ই সন্তান প্রবাহ। আমরা ভুল করে বস্তুকে স্থায়ী সত্ত্বা বলে মনে করি। আসলে প্রতিটি বস্তু প্রতি মুহূর্তে বা প্রতি ক্ষণে কার্য কারণ নিয়মে পরিবর্তিত হচ্ছে। তবে এই প্রবাহ হল সন্তান প্রবাহ। প্রতি মুহূর্তে একই জাতীয় বস্তু উৎপন্ন হওয়ায় দুটি মুহূর্তের বস্তুর মধ্যে কোন ভেদ জানতে পারি না তাই বস্তুকে আমরা স্থায়ী বলে মনে করি।